

# Times Today BD

স্পোর্টস ডেস্ক | খেলা | 04 May, 2025

আইপিএলের ইতিহাসে যা আগে কখনো হয়নি, এবার সেটাই করে দেখালেন রাজস্থান রয়্যালসের তরুণ ব্যাটার রিয়ান পরাগ। ইডেন গার্ডেনে কলকাতা নাইট রাইডার্সের বিপক্ষে টানা ৬ বলে ৬ ছক্কা হাঁকিয়ে রেকর্ড গড়েছেন এই ডানহাতি ব্যাটার। যদিও এই ছয়টি ছক্কা এসেছে এক ওভারে নয়, দুই ওভার মিলিয়ে খেলা টানা ছয় বল থেকে।

এদিন রাজস্থানের হয়ে চারে ব্যাটিংয়ে নামেন রিয়ান পরাগ। বিধ্বংসী ব্যাটিংয়ে তিনি ৮টি ছক্কা ও ৬টি চারের মাধ্যমে ৪৫ বলে ৯৫ রান করেন। ম্যাচের ১৩তম ওভারে মঈন আলির করা প্রথম বলটিতে এক রান নিয়ে শিমরন হেটমায়ার স্ট্রাইক দেন পরাগকে। এরপর পরের ৫টি বলেই হাঁকান পাঁচটি ছক্কা। এক ওভার থেকে আসে মোট ৩২ রান।

মঈনের ওভারের পর বল হাতে আসেন বরুণ চক্রবর্তী। ওভারের প্রথম বলেও হেটমায়ার এক রান নিয়ে স্ট্রাইক দেন পরাগকে। নিজের খেলা পরের বলটিতে আবার ছক্কা হাঁকান তিনি—যা ছিল টানা খেলা ছয় বলের ছয়টি ছক্কা।

এভাবেই আইপিএলের ইতিহাসে প্রথমবারের মতো কোনো ব্যাটার টানা ছয় বলে ছয়টি ছক্কা মারলেন, যদিও তা এক ওভারে না। এর আগে টানা পাঁচটি ছক্কার রেকর্ড ছিল ক্রিস গেইল, রাহুল তেওয়ারী, রবীন্দ্র জাদেজা ও রিংকু সিংয়ের।

পরাগের ঝড়ো ব্যাটিং সত্ত্বেও ২০৭ রানের লক্ষ্য তাড়া করতে নেমে শেষ পর্যন্ত রাজস্থান ১ রানে হেরে যায়।

এই কীর্তির মাধ্যমে রিয়ান পরাগ শুধু রাজস্থানের নয়, আইপিএলের ইতিহাসেও একটি অনন্য রেকর্ড গড়লেন, যা ক্রিকেট ভক্তদের স্মরণে থাকবে বহুদিন।

আইপিএল রাজস্থান রয়্যালস কলকাতা নাইট রাইডার্সে

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 29 June, 2025 02:54

URL: <https://www.timestodaybd.com/sports/7758071915>